

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বিধিবদ্ধ নিরীক্ষা শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.১৫১.৩৪.০০১.১৮.৩৭০

তারিখ: ৯ কার্তিক ১৪২৫

২৪ অক্টোবর ২০১৮

বিষয়: জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষার ব্যবহারিক পরিচালনা ফি আদায় সংক্রান্ত

সূত্র: জিডিজিসি/কিশোর/ তারিখ: ২০/১২/২০১৭

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন অনুষ্ঠিত বিভিন্ন পরীক্ষার ব্যবহারিক কেন্দ্র ফি হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ১২০/-টাকা আদায়ের পর আবার শিক্ষা মন্ত্রণালয়ের ০৬ জুলাই ২০১৪ তারিখ জারিকৃত "সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের আয়-ব্যয় সংক্রান্ত নীতিমালা"য় নির্ধারিত ব্যবহারিক পরিচালনা ফি আদায় করা যাবে কিনা সুত্রোক্ত পত্রে এ বিষয়ে মতামত চাওয়া হয়েছে।

০২। উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষা মন্ত্রণালয়ের অধীন প্রতিষ্ঠান। মন্ত্রণালয় কর্তৃক একই বিষয়ে নীতিমালা/নির্দেশনা জারি হবার পর সেটিই অনুসরণ করা বাঞ্ছনীয়। এ ছাড়া, একই খাতে একই সাথে দুই প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত দুটি হারে ফি আদায় করার সুযোগ নেই।

০৩। এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের ০৬ জুলাই ২০১৪ তারিখ জারিকৃত "সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের নিকট হতে আদায়কৃত অর্থের আয়-ব্যয় সংক্রান্ত নীতিমালা"য় বর্ণিত হারে স্নাতক ও মাস্টার্স পর্যায়ের পরীক্ষাসমূহের ব্যবহারিক ফি আদায়ের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৪-১০-২০১৮

মোঃ রাহেদ হোসেন

উপসচিব

ফোন: ৯৫৪৬১০৭

অধ্যক্ষ, গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ

ইমেইল: sas_audit@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.১৫১.৩৪.০০১.১৮.৩৭০/১(৬)

তারিখ: ৯ কার্তিক ১৪২৫

২৪ অক্টোবর ২০১৮

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, ঢাকা
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৬) যুগ্মসচিব (নিরীক্ষা) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৪-১০-২০১৮

মোঃ রাহেদ হোসেন

উপসচিব